# জাবিতে সমন্বয়ককে হত্যার হুমকি

**জাবি প্রতিনিধি** ●
বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার অন্যতম সমন্বয়ক জিয়া উদ্দিন আয়ানকে হত্যার হুমকি দেওয়ার অভিযোগ পাওয়া গেছে। গত শনিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে তাকে অজ্ঞাত এক ব্যক্তি হুমকি দিয়ে পালিয়ে যায় বলে জানিয়েছেন তিনি। এ বিষয়ে প্রক্টর বরাবর লিখিত অভিযোগ দেওয়া হয়েছে।

জিয়া উদ্দিন আয়ান বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের ৫০ ব্যাচের (২০২০-২১ সেশন) শিক্ষার্থী। অভিযোগ জানিয়ে তিনি বলেন, 'শনিবার সন্ধ্যা ৬টার দিকে মেইন গেটে মাস্ক পরা এক অজ্ঞাত লোক আমাকে সরাসরি মেরে ফেলার হুমকি দিয়েছে। জুলাই গণহত্যার বিচারকার্য নিয়ে যেন বাড়াবাড়ি না করি। আমাকে গালাগাল করে হুমকি দেয় যেন আমি সাবধান হয়ে যাই। মাস্ক পরা ওই লোকের আমি কথার উত্তর দিতেই সে দ্রুতগতিতে অন্ধকারে সিএমবির দিকে চলে যায়। ওই দিকে আরও দুজন লোক বাইক নিয়ে দাঁড়িয়েছিল। মাস্ক আর মাথায় টুপির কারণে ওই লোককে চিনতে পারিনি, কণ্ঠও চেনা যায়নি। আমার কাছে মনে হয়েছে, তারা ছাত্রলীগের সন্ত্রাসী এবং জুলাই গণহত্যার হামলাকারী।'